

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ চৈত্র ১৪২১ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৭৭-আইন/২০১৫।—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ (২০০৬ সনের ৬নং আইন) এর ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (ঘ) এ উল্লিখিত “এবং;” শব্দ ও সেমিকোলন বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঙ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (চ) সংযোজিত হইবে, যথা ঃ—

“(চ) “নিবন্ধন সনদ” অর্থ এই বিধিমালার বিধি ৪ এর অধীন সার উৎপাদন, আমদানি, সংরক্ষণ, বিতরণ, বিপণন, পরিবহন বা বিক্রয়ের নিমিত্ত আবেদনকারীর অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ।”;

(২৩৯৫)

মূল্য ঃ টাকা ৪.০০

(২) বিধি ৬ এর—

- (ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “৫,০০০.০০ (পাঁচ হাজার)” সংখ্যাগুলি, কমা, চিহ্ন, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে “১০ (দশ) হাজার” সংখ্যাগুলি, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) উপ-বিধি (২) এ উল্লিখিত “৫০০.০০ (পাঁচশত)” সংখ্যাগুলি, চিহ্ন, বন্ধনী এবং শব্দের পরিবর্তে “৫ (পাঁচ) হাজার” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) উপ-বিধি (৩) এ উল্লিখিত “৫,০০০.০০ (পাঁচ হাজার)” সংখ্যাগুলি, কমা, চিহ্ন, বন্ধনী এবং শব্দগুলির পরিবর্তে “২০ (বিশ) হাজার” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (৩) বিধি ৭ এ উল্লিখিত “৫ বৎসর” সংখ্যা এবং শব্দের পরিবর্তে “২ (দুই) বৎসর” সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সেলিমা আকতার বানু

যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd